**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 07.07.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ ডাক্তারি পাঠ্যক্রমে প্রবেশিকা পরীক্ষা নিট UG-তে অনিয়ম নিয়ে সুপ্রিম কোর্টে মামলায় আগামীকালের শুনানির দিকে তাকিয়ে ছাত্র-ছাত্রী, অভিভাবক, প্রশাসক- সকলেই।

২/ সোশ্যাল মিডিয়ায় জাতীয় মহিলা কমিশনের প্রধান রেখা শর্মা সম্পর্কে আপত্তিকর মন্তব্য করার জন্য দিল্লি পুলিশ, কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্রের বিরুদ্ধে FIR দায়ের করেছে।

৩/ DVC, এরাজ্যে সৌর বিদ্যুৎ প্রকল্পে ৬'হাজার কোটি টাকা বিবিয়োগ করবে।

৪/ অবৈধ সম্পর্কে বাধা দেওয়ার কারণেই বোলপুরের রজতপুরে তিনজনকে পুড়িয়ে মারা হয় বলে পুলিশ জানিয়েছে। অভিযুক্ত দুজনকেই গ্রেপ্তার করেছে পুলিশ।

৫/ আজ রথযাত্রা। রাজ্য জুড়ে বিপুল উৎসাহ-উদ্দীপনায় মানুষ এই উতসবে সামিল হয়েছে।

৬/ সিকিম পাহাড় এবং উত্তরবঙ্গে একটানা প্রবল বৃষ্টিতে বিভিন্ন এলাকা জলমগ্ন।

*******************************************************

ডাক্তারি পাঠ্যক্রমে প্রবেশিকা পরীক্ষা নিট UG-তে অনিয়ম নিয়ে সুপ্রিম কোর্টে মামলায় আগামীকালের শুনানির দিকে তাকিয়ে ছাত্র-ছাত্রী, অভিভাবক, প্রশাসক- সকলেই। প্রশ্নফাঁসের অভিযোগ নিয়ে তদন্ত করছে CBI । গ্রেপ্তার'ও হয়েছে বেশ কয়েকজন। এর প্রেক্ষিতে ৫'ই মে-র নিট বাতিলের জন্য শীর্ষ আদালতে আবেদন জানানো হয়।

অন্যদিকে, পরীক্ষায় সফল পড়ুয়াদের একাংশ এর বিরোধিতা করে সুপ্রিম কোর্টে গেছেন। NTA-র তরফেও জানানো হয়, অনিয়মের বিষয়টি অল্প জায়গায় সীমাবদ্ধ । ফলে পরীক্ষা বাতিল করা ঠিক হবে না।

*******************

সোশ্যাল মিডিয়ায় জাতীয় মহিলা কমিশনের প্রধান রেখা শর্মা সম্পর্কে আপত্তিকর মন্তব্য করার জন্য দিল্লি পুলিশ, কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্রের বিরুদ্ধে FIR দায়ের করেছে। শ্রীমতী শর্মার অভিযোগের ভিত্তিতে ভারতীয় ন্যায় সংহিতার ৭৯ নম্বর ধারায় অভিযোগ আনা হয়েছে মহুয়া মৈত্রের বিরুদ্ধে। এর আগে জাতীয় মহিলা কমিশনের প্রধান নিজে থেকে সাংসদের ওই কথার উল্লেখ করে বলেছিলেন, একজন মহিলার মর্যাদার অধিকারকে লঙ্ঘন করেছে এই মন্তব্য।

এর জবাবে মহুয়া বিভিন্ন ইস্যুতে সোশাল মিডিয়ায় রেখা শর্মার নানা মন্তব্য পোস্ট করে , এই সব মন্তব্যের জন্য তাঁর বিরুদ্ধে কেন ব্যবস্থা নেওয়া হবে না, সে প্রশ্ন তোলেন।

*******************

দেশে সৌর বিদ্যুৎ সহ অপ্রচলিত শক্তি উৎপাদনের ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে কেন্দ্রীয় সরকার। এরই অঙ্গ হিসেবে ডিভিসি প্রায় 4 হাজার মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদনের প্রকল্প হাতে নিয়েছে। 2030 সালের মধ্যে এটি রূপায়নের কাজ শেষ করার লক্ষ্যমাত্রা ধরা হয়েছে বলে সংস্থার চেয়ারম্যান এস সুরেশ কুমার আকাশবাণীকে জানিয়েছেন। এজন্য লগ্নি করা হবে 20 হাজার কোটি টাকা। এর মধ্যে পশ্চিমবঙ্গে মাইথন ও পাঞ্চেত জলাধারে

ভাসমান সৌর বিদ্যুৎ প্রকল্প গড়ে তুলতে 6 হাজার কোটি টাকা বিনিয়োগ করা হবে।

সুরেশ কুমার জানান, এজন্য বিদ্যুৎ গ্রিড পরিচালনায় ব্যাটারি স্টোরেজ গড়ে তোলা জরুরি। ডিভিসি, ঘন্টায় 250 মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন ব্যাটারি স্টোরেজ কেন্দ্র তৈরির পরিকল্পনা নিয়েছে।

*******************

বীরভূমের বোলপুরের রায়পুর সুপুর গ্রাম পঞ্চায়েতের নতুনগীত গ্রামে তিনজনকে পুড়িয়ে মারার ঘটনায় মূল অভিযুক্ত সফিকুল ইসলাম ওরফে চন্দন শেখকে, পুলিশ আজ গ্রেপ্তার করেছে।

জেলা পুলিশ সুপার রাজনারায়ন মুখোপাধ্যায় আজ সাংবাদিকদের জানান, নিহত শেখ আব্দুল আলিম ওরফে তোতা শেখের ভাই-এর স্ত্রী নাজনিন নাহার ওরফে স্মৃতি বিবিকে গতকালই গ্রেপ্তার করা হয়। আদালতে সাত দিনের পুলিশ হেফাজত হয়েছে তার। পেশায় হাতুড়ে চিকিৎসক চন্দন শেখের সঙ্গে নাজনিনের অবৈধ সম্পর্কে বাধা দেওয়ার কারণেই জানলা দিয়ে ঘরে পেট্রল ছিটিয়ে আগুন ধরিয়ে দেয় তারা। ঘুমন্ত অবস্থায় ঝলসে যান তোতা শেখ, তাঁর স্ত্রী রূপা বিবি ও তাদের ছোট ছেলে, চার বছরের আয়ান আকতার।

( বাইট- বোলপুর ৭.৫০ )

এদিকে, স্ত্রীর বিবাহ বহির্ভূত সম্পর্ক নিয়ে অশান্তির জেরে রামপুরহাট লাগোয়া আঁখিরা গ্রামে অষ্টম মাহার নামে এক যুবক খুন হয়েছেন বলে অভিযোগ। আজ সকালে বাড়ির পাশে নালায় তাঁকে মৃত অবস্থায় পাওয়া যায়। মৃতের স্ত্রী, কন্যা ও স্থানীয় এক যুবককে পুলিশ আটক করেছে।

*******************

কলকাতা পুলিশের আওতাধীন ভাঙড় থানা থেকে ঢিল ছোঁড়া দূরত্বে চোর সন্দেহে গণপ্রহারে এক ব্যক্তির মৃত্যুর অভিযোগ ওঠায় পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। আজ ভোর রাতে ভাঙড় বাজারে এই ঘটনার দীর্ঘক্ষণ পর পুলিশ আসে বলে অভিযোগ। আজগর মোল্লা নামে পঞ্চাশোর্ধ ঐ ব্যক্তির বাড়ি

ফুলবাড়ি এলাকায়। তিনি মাদকাসক্ত ছিলেন বলে স্থানীয় সূত্রে জানা গেছে। পুলিশ বলেছে, ময়নাতদন্তের পরই মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

জানা গেছে, রাতের পাহারাদারেরা চলে যাওয়ার পর প্রতিদিনই বাজারে চুরি হচ্ছিল। নজর রেখে আজ আজগরকে ধরে ফেলেন তাঁরা। খুঁটিতে বেঁধে শুরু হয় মারধর। লুটিয়ে পড়েন আজগার। ঘন্টা দুয়েক ঐ অবস্থাতেই পড়ে থাকেন তিনি। পরে দেখা যায় তাঁর মৃত্যু হয়েছে। পরিবারের লোকজন এসে দেহ বাড়িতে নিয়ে যাওয়ার পর পুলিশ গিয়ে দেহ ময়নাতদন্তে পাঠায়। সিসি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখে তদন্ত শুরু করেছে পুলিশ।

CPIM কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, মুখ্যমন্ত্রীকেই এর জবাবদিহি করতে হবে।

(বাইট- সুজন ৭.৫০)

******************

পশ্চিম বর্ধমানের কাঁকসা থেকে বেঙ্গালুরুতে নার্সিং পড়তে যাওয়া এক তরুণীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পরিবার শোকস্তব্ধ। দিয়া মন্ডল নামে বছর ২১-এর মেয়েটিকে হস্টেলের ঘরে ঝুলন্ত অবস্থায় পাওয়া যায়।

রান্নার কাজ করে মেয়ের পড়াশোনার খরচ জোগাতেন বাবা দেবাশিস মন্ডল। দিয়ার মৃত্যুর খবর পেয়ে আজ সকালে বেঙ্গালুরু রওনা হয়ে যান তিনি। দেহ নিয়ে আসার জন্য মুখ্যমন্ত্রীর কাছে সাহায্যের আবেদন জানিয়েছেন তিনি।

******************

আজ রথযাত্রা। পুরীতে জগন্নাথ দেবের রথযাত্রা উপলক্ষ্যে লক্ষাধিক মানুষের সমাগম হয়েছে। দেশ বিদেশ থেকে বহু ভক্ত সামিল হয়েছেন এই উৎসবে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু  পুরীতে এই উৎসবে যোগ দেন।

এরাজ্যেও মহাসমারোহে পালিত হচ্ছে রথযাত্রার উৎসব। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কলকাতার ইস্কন মন্দির প্রাঙ্গনে রথের রশি টেনে রথযাত্রার সূচনা করেন। সকলের মঙ্গল কামনা করেন তিনি। এর আগে মুখ্যমন্ত্রী, প্রভু জগন্নাথ

দেবের বিগ্রহের আরতি করেন। তিনি জানান, দীঘায় যে জগন্নাথ মন্দির তৈরী হচ্ছে, পুজোর পরই তার উদ্বোধন হবে।

(বাইট- মমতা রথ ৭.৫০ )

ইস্কনের সুসজ্জিত রথটি মধ্য দক্ষিণ কলকাতার বেশ কয়েকটি পথ পরিক্রমা করে ব্রিগেড গ্রাউন্ডে অস্থায়ী গুন্ডিচা বাড়িতে যায়। সেখানে সপ্তাহ ব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করেছে ইস্কন কর্তৃপক্ষ।

**বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত** মজুমদার আজ বালুরঘাট সহ দক্ষিণ দিনাজপুরের বিভিন্ন জায়গায় রথযাত্রার উদ্বোধন করেন ও তাতে সামিল হন।

**বিরোধী দলনেতা শুভেন্দু** অধিকারীও তমলুকে গৌরাঙ্গ মহাপ্রভু মন্দির ও মেচেদায় ইস্কন মন্দিরে রথযাত্রা উৎসবে অংশ গ্রহণ করেন।

**নদীয়ার** মায়াপুরে ইস্কনের রাজাপুর জগন্নাথ মন্দিরে রথযাত্রা উৎসবে সামিল হয়েছেন অসংখ্য মানুষ।

আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

(ভিসি- অনুপম মোদক নদীয়া)

**হুগলীর মাহেশের** ঐতিহ্যবাহী রথযাত্রা এবার ৬২৮ বছরে পড়েছে। **গুপ্তিপাড়াতেও** বহু মানুষ এই উৎসবে সামিল হয়েছেন। বসেছে মেলাও।

**পূর্ব মেদিনীপুরের** মহিষাদল রাজবাড়ির আড়াইশ বছরের প্রাচীন রথে জগন্নাথ দেব ছাড়াও থাকেন কুল দেবতা মদন গোপাল জিউ। প্রথা অনুযায়ী **কোচবিহার** মদন মোহনের রথযাত্রা সূচনা করেন দেবোত্তর ট্রাস্ট বোর্ডের সভাপতি তথা কোচবিহারের জেলা শাসক।

**দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে** রায়চৌধুরী পরিবারের ৩৫০ বছরের'ও বেশী প্রাচীন রথযাত্রা উৎসব উপলক্ষ্যে রাস মাঠে একমাস ব্যাপী মেলা বসেছে।

**মুর্শিদাবাদের কান্দিতে** রাজা কৃষ্ণচন্দ্র সিংহের স্থাপিত রাধাবল্লভ জিউ-এর মন্দিরে আয়োজন করা হয়েছে রথযাত্রা উৎসবের।

চিরাচরিত প্রথা মেনে, রথযাত্রার দিনই দুর্গা প্রতিমার কাঠামো পুজোর মধ্যে দিয়ে দুর্গোৎসবের প্রস্তুতি শুরু হয়েছে অনেক জায়গায়।

*******************

সিকিম পাহাড় এবং উত্তরবঙ্গে একটানা প্রবল বৃষ্টিতে বিভিন্ন এলাকা জলমগ্ন। তিস্তা, করোলা, রায়ডাক সহ বিভিন্ন নদীর জল বেড়েছে। জলপাইগুড়ি শহরে জলবন্দী হয়ে পড়েছেন বহু মানুষ। কালিম্পং জেলার তিস্তা বাজার জলমগ্ন। তিস্তার জলে প্লাবিত হয়েছে ক্রান্তি ও ময়নাগুড়ি ব্লকের একাংশ। আগামী বৃহস্পতিবার পর্যন্ত দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর ।

*******************

কলকাতার ই এম বাইপাসের ধারে আনন্দপুর থানা এলাকার পশ্চিম চৌবাগায় আজ বিকেলে একটি প্লাস্টিক কারখানায় বিধ্বংসী আগুন লাগে। আতঙ্কে তিনতলা বাড়িটির ওপর থেকে এক ব্যক্তি ঝাঁপ দিলে গুরুতর জখম হন। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

দমকলের ৯'টি ইঞ্জিন আগুন নেভানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে।

*******************

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগে আজ ইস্টবেঙ্গল ৩-১ গোলে জর্জ টেলিগ্রাফকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে সায়ন ব্যানার্জী দুটি, জেসিন

টি কে একটি  গোল করেছেন। জর্জ টেলিগ্রাফের অমিত এক্কা গোল করেন। ইস্টবেঙ্গল পরপর দু ম্যাচ জিতে ছয় পয়েন্ট সংগ্রহ করলো।

অন্য ম্যাচে কাস্টমস ৫-১ গোলে টালিগঞ্জ অগ্রগামিকে, ক্যালকাটা পুলিশ ক্লাব ১-০ গোলে রেলওয়ে এফ সি, কে পরাজিত হয়েছে।

**********************************************************